# সমগ্র বাংলাদেশে টিসিবি'র উপকারভোগী নির্বাচন এবং ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রয় কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা-২০২৬

# সূচিপত্র


| অনুচ্ছেদ নম্বর | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | ভূমিকা | ১ |
| ১. | টিসিবি'র কর্মপরিধি ও কার্যপদ্ধতি | ১-২ |
| ২. | টিসিবি'র উপকারভোগীর মানদন্ড নির্ধারক | ২ |
| ৩. | টিসিবি কার্ড প্রাপ্তির প্রয়োজনীয় তথ্য | ২ |
| ৪. | সকল সিটি কর্পোরেশন এর মনিটরিং কমিটি ও ট্যাগ টিম গঠন এবং কার্যপদ্ধতি | ২-৪ |
| ৫. | সকল জেলা/উপজেলা/পৌরসভা/ইউনিয়ন পরিষদ এর মনিটরিং কমিটি ও ট্যাগ টিম গঠন এবং কার্যপদ্ধতি | ৪-৮ |
| ৬. | জেলা প্রশাসকের দায়িত্ব | ৮-৯ |
| ৭. | সিটি কর্পোরেশনের দায়িত্ব | ৯-১০ |
| ৮. | উপজেলা নির্বাহী অফিসার এর দায়িত্ব | ১০ |
| ৯. | টিসিবি'র ডিলারের দায়িত্ব | ১০-১১ |
| ১০. | গুদাম নির্বাচন ও গুদামে মালামাল সংরক্ষণ | ১১ |
| ১১. | টিসিবি'র ডিলারদের টাকা জমাদানের জন্য হিসাব খোলা | ১১ |
| ১২. | আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দায়িত্ব | ১১ |
| ১৩-১৬. | বিবিধ | ১২ |

## ভূমিকাঃ

দেশের দরিদ্র ও নিম্ন-আয়ের জনগোষ্ঠির নিত্য প্রয়োজনীয় মানসম্মত খাদ্যসামগ্রী ও দৈনন্দিন ব্যবহার্য পণ্য ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে প্রাপ্তি সহজলভ্য করার লক্ষ্যে সরকার বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় সারাদেশের সকল সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা, পৌরসভা এবং ইউনিয়ন পর্যায়ে নিম্নআয়ের প্রায় ০১ কোটি পরিবারের নিকট প্রতিমাসে টিসিবি'র মানসম্মত পণ্যাদি ভর্তুকিমূল্যে বিক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে টিসিবি'র প্রিন্টেড কার্ডের পরিবর্তে সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা, পৌরসভা এবং ইউনিয়ন পর্যায়ে জেলা প্রশাসনের সার্বিক তত্ত্বাবধানে বিভিন্ন পর্যায়ের কমিটির সুপারিশক্রমে নির্বাচিত উপকারভোগীদের ডিজিটাল পদ্ধতিতে ডেটাবেজ তৈরী, টিসিবি কার্ড বিতরণ, এক্টিভেশন এবং পণ্য বিক্রয় কার্যক্রম চলছে। এই কার্যক্রমকে অধিকতর স্বচ্ছ, কার্যকর, জবাবদিহিতামূলক ও সময়োপযোগী করার লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক এ সংক্রান্ত পূর্বে জারীকৃত সকল পরিপত্র (০১ হতে ০৬ সংশোধিতসহ) বাতিলপূর্বক 'সমগ্র বাংলাদেশে টিসিবি'র উপকারভোগী নির্বাচন এবং ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রয় কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা-২০২৬' নিম্নরুপভাবে প্রণয়ন করা হলো।

## ১.০০ টিসিবি'র কর্মপরিধি ও কার্যপদ্ধতিঃ

১.০১ যে সকল নিত্যপ্রয়োজনীয় পণ্য টিসিবি'র কার্ডধারী উপকারভোগীদের নিকট ভর্তুকিমূল্যে বিক্রয় করা হবে সে সকল পণ্য প্রয়োজনীয় পরিমাণ টিসিবি কর্তৃক সংগ্রহ করতে হবে;

১.০২ প্রত্যেক পরিবারের অনুকূলে ০২ (দুই) লিটার ভোজ্যতেল, ০২ (দুই) কেজি মসুরডাল ও ০১ (এক) কেজি চিনি এবং খাদ্য মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত ৫ (পাঁচ) কেজি চাল (বরাদ্দ প্রদান সাপেক্ষে) ভর্তুকিমূল্যে টিসিবি'র সেবা অ্যাপস ব্যবহার করে বিক্রয় করতে হবে। সরকার সময়ে সময়ে পণ্যের সংখ্যা, পরিমাণ ও মূল্য পুনঃনির্ধারণ করতে পারবে;

১.০৩ পবিত্র রমজান উপলক্ষ্যে সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণ ছোলা ও খেজুর ভর্তুকিমূল্যে বিক্রয় করতে হবে। এছাড়া সরকারের বিশেষ নির্দেশে পেঁয়াজ, আলুসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যাদি ভর্তুকিমূল্যে বিক্রয় করতে হবে;

১.০৪ সরকারের অনুমোদন সাপেক্ষে নিত্য প্রয়োজনীয় ও দৈনন্দিন ব্যবহার্য পণ্যাদি দরিদ্র ও নিম্ন-আয়ের জনগোষ্ঠির নিকট সহজলভ্যকরণ ও টিসিবি'র ভর্তুকি হ্রাসকরণে কতিপয় ঐচ্ছিক পণ্যাদি (টয়লেট সাবান, ডিটারজেন্ট, লন্ড্রি সাবান, লবণ, চা, আটা ও মসলাসহ অন্যান্য ঐচ্ছিক পণ্যসমূহ) সাশ্রয়ীমূল্যে বিক্রয় করতে পারবে, তবে উক্ত পণ্যাদি ক্রয়ে কোন কার্ডধারীকে বাধ্য করা যাবে না। ডিলারের নিকট মজুদকৃত উক্ত ঐচ্ছিক পণ্যসমূহ সাশ্রয়ীমূল্যে যে কোন ভোক্তা সাধারণের নিকট বিক্রয় করা যাবে;

১.০৫ প্রয়োজন সাপেক্ষে ঐচ্ছিক পণ্যের তালিকায় নতুন কোন পণ্য অন্তর্ভুক্ত করতে হলে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

১.০৬ টিসিবি'র ডিলারদের হালনাগাদ তালিকা টিসিবি'র আঞ্চলিক কার্যালয়/ক্যাম্প অফিস হতে প্রতিমাসের প্রথম সপ্তাহে জেলা প্রশাসকের নিকট প্রেরণ করতে হবে এবং উক্ত তালিকা মোতাবেক জেলা প্রশাসক কর্তৃক মনোনীত Authorized Officer/Sub-Authorized Officer বিক্রয় ক্যালেন্ডার দ্রুত সময়ে প্রস্তুতপূর্বক টিসিবি বরাবর প্রেরণ করবেন;

১.০৭ টিসিবি সেবা অ্যাপস ব্যবহার করে জেলা প্রশাসক সংশ্লিষ্ট এলাকায় ডিলারদের অনুকূলে বরাদ্দ প্রদানপূর্বক বিক্রয় কার্যক্রম যাচাই করবেন। মাস শেষে ডিলারদের নিকট থাকা অবশিষ্ট পণ্য পরবর্তী মাসের সাথে সমন্বয় করতে হবে;

১.০৮ টিসিবি কার্ড হারিয়ে গেলে নির্ধারিত ফি জমা প্রদান করে পুনরায় আবেদনের প্রেক্ষিতে নতুন কার্ড টিসিবি সিটি কর্পোরেশন/জেলা/উপজেলায় সংশ্লিষ্ট উপকারভোগীর অনুকূলে বিতরণ ও এক্টিভেশন এর লক্ষ্যে সিটি কর্পোরেশন/জেলায় প্রেরণ করবে;

১.০৯ টিসিবি'র আঞ্চলিক/ক্যাম্প অফিস প্রধানকে জেলা ও উপজেলা প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ এবং ফলপ্রসু সমন্বয় অব্যাহত রাখতে হবে;

১.১০ পবিত্র রমজান ও ঈদ-উল আযহা উপলক্ষ্যে এবং সরকারের নির্দেশে অন্যান্য সময়ে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে টিসিবি কার্ডধারীর পাশাপাশি সর্ব সাধারণের নিকট ভর্তুকীমূল্যে টিসিবি'র পণ্য ভ্রাম্যমান ট্রাকসেলে বিক্রয় করবে। জেলা প্রশাসক কর্তৃক ট্রাকসেলে পণ্য বিতরণ ক্যালেন্ডার প্রস্তুত এবং ডিও ইস্যু করতে হবে। এছাড়া, সিটি কর্পোরেশন / পৌরসভা / উপজেলা / ইউনিয়ন পর্যায়ে গঠিত ট্যাগ টিমের পাশাপাশি টিসিবি কর্তৃক উক্ত ট্রাকসেল কার্যক্রম তদারকি করতে হবে।

## ২.০০ টিসিবি'র উপকারভোগীর মানদন্ড নির্ধারকসমুহঃ

ক) নিম্ন আয়ের জনসাধারণের মধ্য থেকে হতদরিদ্র পরিবার সম্পর্কিত পরিসংখ্যান ব্যুরোর তথ্য এবং ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের উপজেলা দপ্তরে সংরক্ষিত ডিপি লিষ্ট এবং অন্যান্য তথ্য উপাত্ত বিবেচনায় সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক পরিবার নির্বাচন করে টিসিবি'র উপকারভোগীর তালিকায় অন্তর্ভূক্ত করতে হবে;

খ) নির্বাচিত উপকারভোগীকে সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে;

গ) হতদরিদ্র পরিবার, নিম্ন আয়ের ব্যক্তি, ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর, চা শ্রমিক, চাতাল শ্রমিক, কারখানার শ্রমিক ও উপার্জনে অক্ষম ব্যক্তি চিন্হিত করে তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া সময়ে সময়ে সরকার কর্তৃক নির্ধারিত যে কোনো জনগোষ্ঠি;

ঘ) বিধবা/তালাকপ্রাপ্তা/স্বামী পরিত্যক্তা/অস্বচ্ছল বয়স্ক নারীপ্রধান পরিবার এবং যে সকল দুস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধী রয়েছে তারা অগ্রাধিকার পাবেন;

ঙ) একই পরিবারের একাধিক ব্যক্তি উপকারভোগী হতে পারবে না;

চ) উল্লেখ্য, মানদন্ড বহির্ভুত উপকারভোগী শনাক্ত হলে সিটি কর্পোরেশন/জেলা কমিটির সিদ্ধান্ত অনুসারে কার্ড বাতিল করা যাবে।

## ৩.০০ টিসিবি কার্ড প্রাপ্তির প্রয়োজনীয় তথ্য

৩.০১ উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র;

৩.০২ উপকারভোগীর স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

৩.০৩ উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে নিজ নামে রেজিস্ট্রেশনকৃত সচল মোবাইল নম্বর।

## ৪.০০ সিটি কর্পোরেশনঃ

**৪.০১ সিটি কর্পোরেশন মনিটরিং কমিটি:** সকল সিটি কর্পোরেশন এলাকায় টিসিবি'র উপকারভোগীর মানদন্ড মোতাবেক নিম্নআয়ের পরিবার নির্ধারণ, টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে ডাটাবেজ প্রস্তুত, টিসিবি কার্ড বিতরণ এবং কার্ডধারীগণের নিকট ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় ও দৈনন্দিন ব্যবহার্য পণ্যাদি বিক্রয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি মনিটরিং কমিটি গঠন করতে হবে:

| | | |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট সংসদীয় আসনের সংসদ সদস্য | উপদেষ্টা |
| ২. | মেয়র/প্রশাসক | সভাপতি |
| ৩. | প্রধান নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন) | সদস্য |
| ৪. | সচিব (সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন) | সদস্য |
| ৫. | সভাপতি কর্তৃক মনোনীত ৩ জন কাউন্সিলর যার মধ্যে ১ জন সংরক্ষিত মহিলা কাউন্সিলর | সদস্য |
| ৬. | প্রধান রাজস্ব কর্মকর্তা (সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন) | সদস্য |
| ৭. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) | সদস্য |
| ৮. | জেলা প্রশাসকের প্রতিনিধি (০১ জন) | সদস্য |
| ৯. | পুলিশ কমিশনার/পুলিশ সুপারের প্রতিনিধি (০১ জন) | সদস্য |
| ১০. | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি (০১ জন) | সদস্য |

| | | |
|---|---|---|
| ১১. | টিসিবি'র প্রতিনিধি (১ জন) | সদস্য |
| ১২. | বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের প্রতিনিধি (০১ জন) | সদস্য |
| ১৩. | গণ্যমান্য ব্যক্তি ০৩ জন যার মধ্যে ১ জন মহিলা সদস্য (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৪. | সিটি কর্পোরেশন ডিজিটাল সেবা কেন্দ্রে কর্মরত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | সদস্য |
| ১৫. | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা (কর্মরত না থাকলে বিকল্প-সচিব) | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) টিসিবি'র উপকারভোগীর মানদন্ড মোতাবেক প্রতিটি সিটি কর্পোরেশনের ওয়ার্ডভিত্তিক নির্ধারিত সংখ্যক উপকারভোগী পরিবার বাছাই করে উক্ত পরিবারসমূহের প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করে টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে ডেটাবেজ তৈরির ব্যবস্থা নেয়া;

(খ) প্রতিটি সিটি কর্পোরেশনের ওয়ার্ডভিত্তিক নির্ধারিত সংখ্যক উপকারভোগী পরিবারের ডাটাবেজ সঠিকভাবে এন্ট্রি দেয়া নিশ্চিত করা এবং অনুমোদন প্রদান করা;

(গ) টিসিবি কর্তৃক সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনে কার্ড প্রেরণের পর তা সংশ্লিষ্ট উপকারভোগীর অনুকূলে বিতরণ এবং টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে এক্টিভেশন নিশ্চিত করা;

(ঘ) টিসিবি'র ডিলারের নির্ধারিত দোকান ও দোকান ব্যতিত অন্য স্থানে উভয় ক্ষেত্রে পণ্য বিক্রয়ের লক্ষ্যে পণ্যের প্রাপ্তির তারিখ, সময়, পণ্যের মূল্য, বিতরণকৃত পণ্যের সংখ্যা ও পরিমাণ কার্ডধারিগণকে অবহিতকরণ নিশ্চিতকরণ;

(ঙ) টিসিবি'র কার্ডধারী উপকারভোগীগণকে প্রয়োজনীয় তথ্য সরবরাহপূর্বক পণ্য প্রাপ্তিতে সহযোগিতাকরণ;

(চ) পণ্য বিক্রয় কার্যক্রম তদারকি করতে টিসিবি'র ডিলারের সংশ্লিষ্ট দোকান/প্রযোজ্য ক্ষেত্রে বিক্রয় পয়েন্ট/ট্রাকসেল কার্যক্রম পরিদর্শন;

(ছ) ট্যাগ টিমের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

(জ) কমিটি মনিটরিং টিমে প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**৪.০২ সিটি কর্পোরেশন ট্যাগ টিম গঠন:**

সিটি কর্পোরেশন এলাকায় টিসিবি'র পণ্যাদি বিক্রয় কার্যক্রম তদারকি করার জন্য প্রতিটি ওয়ার্ডে নিম্নরূপভাবে একটি করে ট্যাগ টিম গঠন করতে হবে:

| | | |
|---|---|---|
| ১. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/ওয়ার্ড কাউন্সিলর | সভাপতি |
| ২. | সংরক্ষিত মহিলা কাউন্সিলর | সদস্য |
| ৩. | স্যানিটারি ইন্সপেক্টর | সদস্য |
| ৪. | সহকারী সমাজ কল্যাণ কর্মকর্তা | সদস্য |
| ৫. | পুলিশ কমিশনার/পুলিশ সুপার কর্তৃক মনোনীত একজন সাব-ইন্সপেক্টর | সদস্য |
| ৬. | সিটি কর্পোরেশন ডিজিটাল সেবা কেন্দ্রে কর্মরত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | সদস্য |
| ৭. | ওয়ার্ড সচিব | সদস্য সচিব |

**ট্যাগ টিমের কার্যপরিধি:**

(ক) টিসিবি'র ডিলার কর্তৃক টিসিবি'র পণ্য প্রাপ্তির তারিখ, সময়, পণ্যের মূল্য, বিতরণকৃত পণ্যের সংখ্যা ও পরিমাণ কার্ডধারিগণকে অবহিতকরণ নিশ্চিতকরণ;

(খ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত Authorized Officer/Sub-Authorized Officer কর্তৃক ইস্যুকৃত ডিও অনুযায়ী বরাদ্দকৃত পণ্যাদি সংশ্লিষ্ট টিসিবি'র ডিলার দোকানে এনেছে কি না তা যাচাইকরণ এবং কার্ডধারীগণের নিকট নির্ধারিত সংখ্যক ও পরিমাণ মোতাবেক পণ্য বিক্রয় করছে কি না তা যাচাইকরণ;

(গ) নির্ধারিত দোকান ব্যতিত অন্য স্থানে টিসিবি'র ডিলারের পণ্য বিক্রয়ের ক্ষেত্রে বিক্রয় শেষে দায়িত্ব প্রাপ্ত ট্যাগ টিমের 'সদস্য সচিব' কর্তৃক মালামাল বিতরণের তথ্য এবং অবশিষ্ট মালামালের তথ্য টিসিবি সেবা অ্যাপস হতে যাচাইপূর্বক সংরক্ষণ করবেন;

(ঘ) প্রতিটি ডিলারের মুদি দোকানের সামনে/বিক্রয় পয়েন্টে টিসিবি'র ডিলার সংক্রান্ত সাইনবোর্ড টানানো এবং পণ্যসমূহের ভোক্তা মূল্য তালিকা সম্বলিত ব্যানার থাকা নিশ্চিতকরণ;

(ঙ) টিসিবি পণ্যের প্যাকেজিং, লোগো ও সঠিক ওজন যাচাইসহ পূর্ববর্তী মাসের পণ্যের মজুদ যাচাইকরণ।

(চ) পবিত্র রমজান ও ঈদ-উল আযহা উপলক্ষ্যে এবং সরকারের নির্দেশে অন্যান্য সময়ে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে টিসিবি কার্ডধারীর পাশাপাশি ভ্রাম্যমান ট্রাকসেলে সর্ব সাধারণের নিকট ভর্তুকীমূল্যে টিসিবি'র পণ্য বিক্রয় কার্যক্রম তদারকি করতে হবে;

**৫.০০ দেশের সকল জেলা/উপজেলা/পৌরসভা/ইউনিয়ন পরিষদঃ**

**৫.০১ জেলা মনিটরিং কমিটি গঠন:**

দেশের সকল জেলা/উপজেলা/ইউনিয়ন পরিষদ এলাকায় টিসিবি'র উপকারভোগীর_মানদন্ড মোতাবেক নিম্নআয়ের পরিবার নির্ধারণ, টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে ডাটাবেজ প্রস্তুত, টিসিবি কার্ড বিতরণ এবং কার্ডধারিগণের নিকট ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় ও দৈনন্দিন ব্যবহার্য পণ্যাদি বিক্রয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপভাবে মনিটরিং কমিটি গঠন করতে হবে:

| | | |
|---|---|---|
| ১. | জেলার সকল সংসদ সদস্য | উপদেষ্টা |
| ২. | জেলা প্রশাসক | সভাপতি |
| ৩. | পুলিশ সুপার | সদস্য |
| ৪. | উপ-পুলিশ কমিশনার (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৫. | উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ৬. | পৌরসভার মেয়র/প্রশাসক (সকল) | সদস্য |
| ৭. | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| ৮. | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ৯. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ১০. | সিটি কর্পোরেশনের প্রতিনিধি (যে ক্ষেত্রে সিটি কর্পোরেশন রয়েছে) | সদস্য |
| ১১. | জেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১২. | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ১৩. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৪. | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | সদস্য |
| ১৫ | টিসিবি'র সংশ্লিষ্ট অফিস প্রধান | সদস্য |
| ১৬. | গণ্যমান্য ব্যক্তি ০৩ জন যার মধ্যে ১ জন মহিলা সদস্য (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৭. | ডিজিটাল সেবা কেন্দ্রে কর্মরত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | সদস্য |
| ১৮. | Authorized Officer হিসেবে দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা প্রশাসক | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) সংসদ সদস্য, উপজেলা পরিষদ চেয়ারম্যান, নির্বাচিত জনপ্রতিনিধি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, মেম্বার, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের সম্পৃক্ত করে টিসিবি'র পণ্য বিক্রয় কার্যক্রম মনিটরিং করার নিমিত্ত প্রয়োজনীয় টিম গঠন ও সমন্বয়;

(খ) টিসিবি'র উপকারভোগীর মানদন্ড মোতাবেক প্রতিটি জেলা/উপজেলা/ইউনিয়নের ওয়ার্ডভিত্তিক নির্ধারিত সংখ্যক উপকারভোগী পরিবার বাছাই করে উক্ত পরিবারসমূহের প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করে টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে ডেটাবেজ তৈরির ব্যবস্থা নেয়া;

(গ) প্রতিটি জেলা/উপজেলা/ইউনিয়নের ওয়ার্ডভিত্তিক নির্ধারিত সংখ্যক উপকারভোগী পরিবারের ডাটাবেজ টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে সঠিকভাবে এন্ট্রি কার্যক্রম তদারকি এবং উপকারভোগীর তালিকা চূড়ান্ত অনুমোদন প্রদান করা;

(ঘ) টিসিবি কর্তৃক সংশ্লিষ্ট জেলা/উপজেলা/ইউনিয়নের কার্ড প্রেরণের পর তা সংশ্লিষ্ট উপকারভোগীর অনুকূলে বিতরণ এবং টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে এক্টিভেশন নিশ্চিত করা;

(ঙ) টিসিবি'র কার্ডধারী উপকারভোগীগণকে প্রয়োজনীয় তথ্য সরবরাহপূর্বক পণ্য প্রাপ্তিতে সহযোগিতাকরণ;

(চ) প্রতিটি ডিলারের মুদি দোকানের সামনে/বিক্রয় পয়েন্টে টিসিবি'র ডিলার সংক্রান্ত সাইনবোর্ড টানানো এবং পণ্যসমূহের ভোক্তা মূল্য তালিকা সম্বলিত ব্যানার থাকা নিশ্চিতকরণ;

(ছ) পণ্য বিক্রয় কার্যক্রম তদারকি করতে টিসিবি'র ডিলারের সংশ্লিষ্ট দোকান/প্রযোজ্য ক্ষেত্রে বিক্রয় পয়েন্ট/ট্রাকসেল কার্যক্রম পরিদর্শন;

(জ) ট্যাগ টিমের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

(ঝ) কমিটি মনিটরিং টিমে প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**৫.০২ পৌরসভা মনিটরিং কমিটি:** সকল পৌরসভা এলাকায় টিসিবি'র উপকারভোগীর মানদন্ড মোতাবেক নিম্নআয়ের পরিবার নির্ধারণ, টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে ডাটাবেজ প্রস্তুত, টিসিবি কার্ড বিতরণ এবং কার্ডধারিগণের নিকট ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় ও দৈনন্দিন ব্যবহার্য পণ্যাদি বিক্রয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি মনিটরিং কমিটি গঠন করতে হবে:

| | | |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট সংসদীয় আসনের সংসদ সদস্য | উপদেষ্টা |
| ২. | মেয়র/প্রশাসক | সভাপতি |
| ৩. | জেলা প্রশাসকের প্রতিনিধি (০১ জন) | সদস্য |
| ৪. | পুলিশ সুপারের প্রতিনিধি (০১ জন) | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর | সদস্য |
| ৬. | সংশ্লিষ্ট সংরক্ষিত মহিলা কাউন্সিলর | সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৮. | গণ্যমান্য ব্যক্তি ০৩ জন যার মধ্যে ১ জন মহিলা সদস্য<br>(সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | সচিব (বিকল্প -সহকারী প্রকৌশলী) | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) টিসিবি'র উপকারভোগীর মানদন্ড মোতাবেক প্রতিটি পৌরসভার ওয়ার্ডভিত্তিক নির্ধারিত সংখ্যক উপকারভোগী পরিবার বাছাই করে উক্ত পরিবারসমূহের প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করে টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে ডেটাবেজ তৈরির ব্যবস্থা নেয়া;

(খ) প্রতিটি পৌরসভার ওয়ার্ডভিত্তিক নির্ধারিত সংখ্যক উপকারভোগী পরিবারের ডাটাবেজ টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে সঠিকভাবে এন্ট্রি দেয়া নিশ্চিত করা এবং অনুমোদন প্রদান করা;

(গ) জেলা প্রশাসক সংশ্লিষ্ট পৌরসভায় কার্ড প্রেরণের পর তা সংশ্লিষ্ট উপকারভোগীর অনুকূলে বিতরণ এবং টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে এক্টিভেশন নিশ্চিত করা;

(ঘ) টিসিবি'র কার্ডধারী উপকারভোগীগণকে প্রয়োজনীয় তথ্য সরবরাহপূর্বক পণ্য প্রাপ্তিতে সহযোগিতাকরণ;

(ঙ) টিসিবি'র ডিলারের নির্ধারিত দোকান বা দোকান ব্যতিত অন্য স্থানে পণ্য বিক্রয়ের ক্ষেত্রে পণ্যের প্রাপ্তির তারিখ, সময়, পণ্যের মূল্য, বিতরণকৃত পণ্যের সংখ্যা ও পরিমাণ কার্ডধারিগণকে অবহিতকরণ নিশ্চিতকরণ;

(চ) প্রতিটি ডিলারের মুদি দোকানের সামনে/বিক্রয় পয়েন্টে টিসিবি'র ডিলার সংক্রান্ত সাইনবোর্ড টানানো এবং পণ্যসমূহের ভোক্তা মূল্য তালিকা সম্বলিত ব্যানার থাকা নিশ্চিতকরণ;

(ছ) পণ্য বিক্রয় কার্যক্রম তদারকি করতে টিসিবি'র ডিলারের সংশ্লিষ্ট দোকান/প্রযোজ্য ক্ষেত্রে বিক্রয় পয়েন্ট/ট্রাকসেল কার্যক্রম পরিদর্শন;

(জ) ট্যাগ টিমের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

(ঝ) কমিটি মনিটরিং টিমে প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**৫.০৩ পৌরসভা ট্যাগ টিম গঠন:**

পৌরসভা এলাকায় টিসিবি'র পণ্যাদি বিক্রয় কার্যক্রম তদারকি করার জন্য প্রতিটি ওয়ার্ডে নিম্নরূপভাবে একটি করে ট্যাগ টিম গঠন করতে হবে:

| | | |
|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসার (মেয়র/প্রশাসক কর্তৃক মনোনীত) | আহ্বায়ক |
| ২. | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর | সদস্য |
| ৩. | সংশ্লিষ্ট সংরক্ষিত মহিলা কাউন্সিলর | সদস্য |
| ৪. | উপসহকারী কৃষি কর্মকর্তা (উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন সাব-ইন্সপেক্টর | সদস্য |
| ৬. | পৌরসভা ডিজিটাল সেবা কেন্দ্রে কর্মরত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | সদস্য |
| ৭. | ওয়ার্ড সচিব | সদস্য সচিব |

**ট্যাগ টিমের কার্যপরিধি:**

(ক) টিসিবি'র ডিলার কর্তৃক পণ্য প্রাপ্তির তারিখ, সময়, পণ্যের মূল্য, বিতরণকৃত পণ্যের সংখ্যা ও পরিমাণ কার্ডধারিগণকে অবহিতকরণ নিশ্চিতকরণ;

(খ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত Authorized Officer/Sub-Authorized Officer কর্তৃক ইস্যুকৃত চালান/ডিও অনুযায়ী বরাদ্দকৃত পণ্যাদি সংশ্লিষ্ট টিসিবি'র ডিলার দোকানে এনেছে কি না তা যাচাইকরণ এবং কার্ডধারীগণের নিকট নির্ধারিত সংখ্যক ও পরিমাণ মোতাবেক পণ্য বিক্রয় করছে কি না তা যাচাইকরণ;

(গ) নির্ধারিত দোকান ব্যতিত অন্য স্থানে টিসিবি'র ডিলারের পণ্য বিক্রয়ের ক্ষেত্রে বিক্রয় শেষে দায়িত্বপ্রাপ্ত ট্যাগ টিমের 'সদস্য সচিব' কর্তৃক মালামাল বিতরণের তথ্য এবং অবশিষ্ট মালামালের তথ্য টিসিবি সেবা অ্যাপস হতে যাচাইপূর্বক সংরক্ষণ করবেন;

(ঘ) টিসিবি পণ্যের প্যাকেজিং, লোগো ও সঠিক ওজন যাচাইসহ পূর্ববর্তী মাসের পণ্যের মজুদ যাচাই করবেন;

(ঙ) পবিত্র রমজান ও ঈদ-উল আযহা উপলক্ষ্যে এবং সরকারের নির্দেশে অন্যান্য সময়ে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে টিসিবি কার্ডধারীর পাশাপাশি ভ্রাম্যমান ট্রাকসেলে সর্ব সাধারণের নিকট ভর্তুকীমূল্যে টিসিবি'র পণ্য বিক্রয় কার্যক্রম তদারকি করতে হবে।

**৫.০৪ উপজেলা মনিটরিং কমিটি গঠন:**

সকল উপজেলায় টিসিবি'র উপকারভোগীর মানদন্ড মোতাবেক নিম্নআয়ের পরিবার নির্ধারণ, টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে ডাটাবেজ প্রস্তুত, টিসিবি কার্ড বিতরণ এবং কার্ডধারিগণের নিকট ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় ও দৈনন্দিন ব্যবহার্য পণ্যাদি বিক্রয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি মনিটরিং কমিটি গঠন করতে হবে:

| | | |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| ২. | উপজেলা পরিষদ চেয়ারম্যান | উপদেষ্টা |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৪. | ভাইস চেয়ারম্যান সংশ্লিষ্ট উপজেলা পরিষদ | সদস্য |
| ৫. | ভাইস চেয়ারম্যান (সংরক্ষিত মহিলা আসন) উপজেলা পরিষদ | সদস্য |
| ৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৭. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা | সদস্য |
| ৭. | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১১. | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ১২. | গণ্যমান্য ব্যক্তি ০৩ জন যার মধ্যে ১ জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩. | ডিজিটাল সেবা কেন্দ্রে কর্মরত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি) | সদস্য |
| ১৪. | সহকারী কমিশনার (ভূমি) (কর্মরত না থাকলে বিকল্প- উপজেলা সমাজসেবা কর্মকর্তা) | সদস্য সচিব |

**উপজেলা কমিটির কার্যপরিধি:**

(ক) সংশ্লিষ্ট সংসদ সদস্য, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউপি সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের সম্পৃক্ত করে টিসিবি'র পণ্য বিক্রি কার্যক্রম মনিটরিং করার নিমিত্ত প্রয়োজনীয় টিম গঠন ও সমন্বয়;

(খ) প্রতিটি উপজেলা/ইউনিয়ন এর ওয়ার্ডভিত্তিক নির্ধারিত সংখ্যক উপকারভোগী পরিবারের ডাটাবেজ টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে সঠিকভাবে এন্ট্রি দেয়া নিশ্চিত করা এবং অনুমোদন প্রদান করা;

(গ) টিসিবি কর্তৃক সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়নের কার্ড প্রেরণের তা সংশ্লিষ্ট উপকারভোগীর অনুকূলে বিতরণ এবং টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে এক্টিভেশন নিশ্চিত করা;

(ঘ) টিসিবি'র ডিলারদের মাধ্যমে পণ্য বিক্রয় কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিংয়ের লক্ষ্যে সভা আয়োজন;

(ঙ) প্রতিটি ডিলারের মুদি দোকানের সামনে/বিক্রয় পয়েন্টে টিসিবি'র ডিলার সংক্রান্ত সাইনবোর্ড টানানো এবং পণ্যসমূহের ভোক্তা মূল্য তালিকা সম্বলিত ব্যানার থাকা নিশ্চিতকরণ;

(চ) টিসিবি'র ডিলারের নির্ধারিত দোকান ব্যতিত অন্য স্থানে পণ্য বিক্রয়ের ক্ষেত্রে পণ্যের প্রাপ্তির তারিখ, সময়, পণ্যের মূল্য, বিতরণকৃত পণ্যের সংখ্যা ও পরিমাণ কার্ডধারিগণকে অবহিতকরণ নিশ্চিতকরণ;

(ছ) পণ্য বিক্রয় কার্যক্রম মনিটরিং করতে ইউনিয়নভিত্তিক ট্যাগ টিম গঠন ও ট্রাকসেল কার্যক্রম পরিদর্শন;

(জ) ট্যাগ টিমের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

(ঝ) কমিটি মনিটরিং টিমে প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**৫.০৫ ইউনিয়ন ট্যাগ টিম গঠন:** ইউনিয়ন পর্যায়ে নির্ধারিত সংখ্যক কার্ডধারিগণের নিকট ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় ও দৈনন্দিন ব্যবহার্য পণ্যাদি বিক্রির কার্যক্রম তদারকি করার জন্য প্রতিটি ওয়ার্ডে নিম্নরূপভাবে একটি করে ট্যাগ টিম গঠন করতে হবে:

| | | |
|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | আহ্বায়ক |
| ২. | ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা সদস্যসহ সকল সদস্য | সদস্য |
| ৩. | উপসহকারী কৃষি কর্মকর্তা (উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট থানা কর্তৃক মনোনীত একজন সাব-ইন্সপেক্টর | সদস্য |
| ৫. | ইউনিয়ন ডিজিটাল সেবা কেন্দ্রে কর্মরত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | সদস্য |
| ৬. | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | সদস্য সচিব |

**ইউনিয়ন ট্যাগ কমিটির কার্যপরিধি:**

(ক) টিসিবি'র ডিলার কর্তৃক টিসিবি'র পণ্য প্রাপ্তির তারিখ, সময়, পণ্যের মূল্য, বিতরণকৃত পণ্যের সংখ্যা ও পরিমাণ কার্ডধারিগণকে অবহিতকরণ নিশ্চিতকরণ;

(খ) Authorized Officer/Sub-Authorized Officer কর্তৃক ইস্যুকৃত চালান/ডিও অনুযায়ী বরাদ্দকৃত পণ্যাদি সংশ্লিষ্ট টিসিবি'র ডিলার দোকানে এনেছে কি না তা যাচাইকরণ এবং কার্ডধারীগণের নিকট নির্ধারিত সংখ্যক ও পরিমাণ মোতাবেক পণ্য বিক্রয় করছে কি না তা যাচাইকরণ;

(গ) নির্ধারিত দোকান ব্যতিত অন্য স্থানে টিসিবি'র ডিলারের পণ্য বিক্রয়শেষে দায়িত্বপ্রাপ্ত ট্যাগ টিমের 'সদস্য সচিব' কর্তৃক মালামাল বিতরণের তথ্য এবং অবশিষ্ট মালামালের তথ্য টিসিবি সেবা অ্যাপস হতে যাচাইপূর্বক সংরক্ষণ করবেন;

(ঘ) টিসিবি পণ্যের প্যাকেজিং, লোগো ও সঠিক ওজন যাচাইসহ পূর্ববর্তী মাসের পণ্যের মজুদ যাচাই করবেন;

(ঙ) পবিত্র রমজান ও ঈদ-উল আযহা উপলক্ষ্যে এবং সরকারের নির্দেশে অন্যান্য সময়ে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে টিসিবি কার্ডধারীর পাশাপাশি ভ্রাম্যমান ট্রাকসেলে সর্ব সাধারণের নিকট ভর্তুকীমূল্যে টিসিবি'র পণ্য বিক্রয় কার্যক্রম তদারকি করতে হবে।

**৬.০০ জেলা প্রশাসকের দায়িত্ব:**

৬.০১ জেলা প্রশাসক তাঁর জেলার একজন অতিরিক্ত জেলা প্রশাসককে Authorized Officer হিসেবে দায়িত্ব অর্পণ করবেন। এছাড়া, জেলা প্রশাসক প্রয়োজন মোতাবেক তাঁর জেলায় কর্মরত উপজেলা নির্বাহী অফিসারগণকে Sub-Authorized Officer হিসেবে দায়িত্ব অর্পণ করতে পারবেন;

৬.০২ সংশ্লিষ্ট টিসিবি আঞ্চলিক কার্যালয়/ক্যাম্প অফিসের প্রয়োজন মোতাবেক যদি জেলা/উপজেলা প্রশাসনের গুদামে পণ্য প্রেরণ করা হয়, তাহলে টিসিবি কর্তৃক বরাদ্দকৃত পণ্যসামগ্রী Authorized Officer/ Sub-Authorized Officer ডেলিভারী অর্ডার অনুযায়ী গ্রহণ করবেন এবং রিসিভ কপি টিসিবিকে প্রদান করবেন। তিনি গৃহীত পণ্য বিতরণ, সংরক্ষণ ও স্থানীয় পর্যায়ে এ পণ্যের হিসাব সংরক্ষণ করবেন;

৬.০৩ Authorized Officer/Sub-Authorized Officer ইউনিয়ন/ওয়ার্ডভিত্তিক টিসিবি'র কার্ডধারী পরিবারের নিকট ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে টিসিবি'র পণ্য বিক্রির লক্ষ্যে বিক্রয়যোগ্য পণ্যের পরিমাণ, যেখানে পণ্য বিক্রি হবে সংশ্লিষ্ট ডিলারের মোবাইল নম্বরসহ ডিলারের দোকানের পূর্ণ ঠিকানা, তারিখ ও সময় এবং উপকারভোগীর সংখ্যা উল্লেখপূর্বক টিসিবি'র 'বিক্রয় চালান ও সরবরাহ আদেশ' এর নমুনা অনুযায়ী ডিলারের অনুকূলে বরাদ্দ পত্র (ডিও) ইস্যু করবেন;

৬.০৪ ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে টিসিবি'র পণ্য বিক্রির জন্য নির্ধারিত তারিখের কমপক্ষে ০৩ (তিন)দিন পূর্বে সংশ্লিষ্ট ডিলারের অনুকূলে বরাদ্দপত্র ইস্যু করতে হবে (বরাদ্দপত্রে পণ্যের পরিমাণ, টাকার পরিমাণ এবং ব্যাংকের যে শাখায় ডিলার কর্তৃক টাকা জমা প্রদান করা হবে, তা উল্লেখ থাকতে হবে);

৬.০৫ ডিলারগণ মালামাল প্রাপ্তি এবং পণ্য বিক্রির পূর্বের দিন নির্ধারিত পরিমাণ টাকা টিসিবি কর্তৃক নির্ধারিত ব্যাংকে জমা দিবেন; টাকা জমা প্রদানের পরবর্তী দিন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা Authorized Officer/Sub-Authorized Officer এর নিকট জমা রশিদ দাখিলপূর্বক নির্ধারিত পরিমাণ মালামাল সংশ্লিষ্ট গুদাম হতে বুঝে নিবেন;

৬.০৬ Authorized Officer/Sub-Authorized Officer Application Programming Interface (API) এর মাধ্যমে পণ্যের মূল্যবাবদ ডিলার কর্তৃক জমাকৃত অর্থ সম্পর্কে নিশ্চিত হয়ে ডি,ও স্বাক্ষর করবেন;

৬.০৭ টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় ও দৈনন্দিন ব্যবহার্য পণ্যাদি কার্ডধারী উপকারভোগীদের মাঝে ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে বিক্রির লক্ষ্যে জেলা প্রশাসকগণ প্রত্যেক ইউনিয়ন/পৌরসভায় এক বা একাধিক (প্রয়োজন হলে) ডিলারকে পণ্য বিতরণ ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত করবেন;

৬.০৮ জেলা প্রশাসক কর্তৃক প্রস্তুতকৃত ক্যালেন্ডারের কপি সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, জেলা পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, টিসিবি'র চেয়ারম্যান, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান ও সদস্য, পৌরসভার ক্ষেত্রে মেয়র ও ওয়ার্ড কাউন্সিলর এবং সংশ্লিষ্ট কমিটির সকলকে সরবরাহ এবং ফলপ্রসূ সমন্বয় করতে হবে;

৬.০৯ জেলা প্রশাসক পণ্য বিক্রির স্থানে (ডিলারের দোকানে/নির্ধারিত বিক্রয় পয়েন্টে/ট্রাকসেল পয়েন্টে) আইনশৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের ব্যবস্থা গ্রহণ করবেন;

৬.১০ টিসিবি'র উপকারভোগীর মানদন্ড মোতাবেক বিভিন্ন কমিটি কর্তৃক উপকারভোগী পরিবার বাছাই করে উক্ত পরিবারসমূহের ডেটাবেজ তৈরিপূর্বক ভেরিফিকেশনের পর চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন;

৬.১১ পবিত্র রমজান ও ঈদ-উল আযহা উপলক্ষ্যে এবং সরকারের নির্দেশে অন্যান্য সময়ে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে টিসিবি কার্ডধারীর পাশাপাশি ভ্রাম্যমান ট্রাকসেলে সর্ব সাধারণের নিকট ভর্তুকীমূল্যে টিসিবি'র পণ্য বিক্রয়, ডিলার নির্বাচন, বিক্রয় স্থান নির্ধারণ ও বিক্রয় কার্যক্রম মনিটরিং এর নিমিত্ত ট্যাগ টিমের কার্যক্রম তদারকি করবেন;

**৭.০০ সিটি কর্পোরেশনের দায়িত্বঃ**

৭.০১ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা তাঁর কার্যালয়ের সচিব/মনোনীত কর্মকর্তাকে Authorized Officer হিসেবে দায়িত্ব অর্পণ করবেন।

৭.০২ Authorized Officer ওয়ার্ডভিত্তিক টিসিবি'র কার্ডধারীর নিকট ভর্তুকি/সাশ্রয়ীমূল্যে টিসিবি'র পণ্য বিক্রির লক্ষ্যে বিক্রয়যোগ্য পণ্যের পরিমাণ, যেখানে পণ্য বিক্রি হবে সংশ্লিষ্ট ডিলারের মোবাইল নম্বরসহ ডিলারের দোকানের পূর্ণ ঠিকানা, তারিখ ও সময় এবং উপকারভোগীর সংখ্যা উল্লেখপূর্বক বিক্রয় ক্যালেন্ডার ইস্যু করবেন;

৭.০৩ সিটি কর্পোরেশন কর্তৃক প্রস্তুতকৃত ক্যালেন্ডারের কপি সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, টিসিবি'র চেয়ারম্যান, ওয়ার্ড কাউন্সিলর এবং সংশ্লিষ্ট কমিটির সকলকে সরবরাহ এবং ফলপ্রসূ সমন্বয় করতে হবে;

৭.০৪ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা পণ্য বিক্রির স্থানে (ডিলারের দোকানে/নির্ধারিত বিক্রয় পয়েন্টে/ট্রাকসেল পয়েন্টে) আইনশৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের ব্যবস্থা গ্রহণ করবেন;

৭.০৫ টিসিবি'র উপকারভোগীর মানদন্ড মোতাবেক বিভিন্ন কমিটি কর্তৃক উপকারভোগী পরিবার বাছাই করে উক্ত পরিবারসমূহের ডেটাবেজ তৈরিপূর্বক ভেরিফিকেশনের পর চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন;

৭.০৬ পবিত্র রমজান ও ঈদ-উল আযহা উপলক্ষ্যে এবং সরকারের নির্দেশে অন্যান্য সময়ে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে টিসিবি কার্ডধারীর পাশাপাশি ভ্রাম্যমান ট্রাকসেলে সর্ব সাধারণের নিকট ভর্তুকীমূল্যে টিসিবি'র পণ্য বিক্রয়, ডিলার নির্বাচন, বিক্রয় স্থান নির্ধারণ ও বিক্রয় কার্যক্রম মনিটরিং এর নিমিত্ত ট্যাগ টিমের কার্যক্রম তদারকি করবেন;

৭.০৭ সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/প্রধান রাজস্ব কর্মকর্তা অথবা মেয়র/প্রশাসক কর্তৃক মনোনীত কর্মকর্তা পণ্য বিক্রয় কার্যক্রম তদারকি এবং টিসিবি'র ডিলারের সংশ্লিষ্ট দোকান/প্রযোজ্য ক্ষেত্রে বিক্রয় পয়েন্ট পরিদর্শনপূর্বক মেয়র/প্রশাসক বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

**৮.০০ উপজেলা নির্বাহী অফিসার এর দায়িত্ব:**

৮.০১ টিসিবি'র সংশ্লিষ্ট ডিলারদের নিয়ে সভা আয়োজন এবং ডিলার কার্যক্রম মনিটরিং ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

৮.০২ টিসিবি'র ডিলারের নির্ধারিত দোকান ব্যতিত অন্য স্থানে পণ্য বিক্রয়ের ক্ষেত্রে টিসিবি'র পণ্যসামগ্রী প্রাপ্তির পর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউপি সদস্য, ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারি কর্মকর্তা, উপ-সহকারি কৃষি কর্মকর্তা, গ্রাম পুলিশসহ সম্ভাব্য সকল মাধ্যম ব্যবহার করে টিসিবি'র পণ্য বিক্রির স্থান, তারিখ এবং সময় টিসিবি'র কার্ডধারীদের অবহিতকরণের ব্যবস্থা করবেন;

৮.০৩ পণ্য বিক্রির স্থানে (ডিলারের দোকানে/নির্ধারিত বিক্রয় পয়েন্টে/ট্রাকসেল পয়েন্টে) আইনশৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের ব্যবস্থা গ্রহণ করবেন;

৮.০৪ টিসিবি'র উপকারভোগীর মানদন্ড মোতাবেক বিভিন্ন কমিটি কর্তৃক উপকারভোগী পরিবার বাছাই করে উক্ত পরিবারসমূহের ডেটাবেজ তৈরিপূর্বক ভেরিফিকেশনের পর অনুমোদন প্রদান করবেন;

৮.০৫ পবিত্র ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা ও সরকারের বিশেষ নির্দেশে ভোক্তা সাধারণের নিকট টিসিবি'র পণ্যাদি ভর্তুকিমূল্যে বিক্রয়ের নিমিত্ত ডিলারদের মাধ্যমে ভ্রাম্যমান ট্রাকসেলে পণ্য বিক্রয়ের স্থান নির্ধারণ ও বিক্রয় কার্যক্রম মনিটরিং করবেন;

৮.০৬ ইউনিয়ন এবং পৌরসভা ট্যাগ টিমের কার্যক্রম এবং ডিলারের দোকান ও প্রযোজ্য ক্ষেত্রে বিক্রয় পয়েন্ট সরেজমিনে পরিদর্শন করবেন।

**৯.০০ টিসিবি'র ডিলারের দায়িত্বঃ**

৯.০১ টিসিবি'র ডিলার টিসিবি/সিটি কর্পোরেশন/জেলা/উপজেলা প্রশাসন/ পৌরসভা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন;

৯.০২ Authorized Officer/Sub-Authorized Officer কর্তৃক ইস্যুকৃত বরাদ্দ পত্র (ডিও) অনুযায়ী টিসিবি'র পণ্য বিক্রয়ের টাকা জমাকরণের জন্য নির্ধারিত হিসাব নম্বরে প্রয়োজনীয় অর্থ জমা প্রদান করে জেলা প্রশাসকের কার্যালয়ে স্লিপ জমা দিবেন;

৯.০৩ ইস্যুকৃত বরাদ্দ পত্র (ডিও) অনুযায়ী টিসিবি'র গুদাম হতে পণ্য উত্তোলন করবেন। তবে টিসিবি'র প্রয়োজনে জেলা/উপজেলা প্রশাসনের গুদাম হতে ডিলারগণ পণ্য উত্তোলন করবেন;

৯.০৪ পণ্য উত্তোলনের পর ডিলারের নিজ দোকানে অথবা প্রযোজ্য ক্ষেত্রে জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত পয়েন্টে পণ্য বিক্রির সময়-সূচি'র বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট ট্যাগ টিম, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী অফিসার-কে অবহিত করবেন;

৯.০৫ ডিলারের নিজ দোকানে/জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত বিক্রয় পয়েন্টে 'টিসিবি'র কার্ডধারীদের নিকট ভর্তুকিমূল্যে পণ্য বিক্রির দোকান' নামীয় ব্যানার ও পণ্যের মূল্য তালিকা প্রদর্শন করবেন যা সকলের নিকট দৃশ্যমান হতে হবে;

৯.০৬ পণ্য আনয়নের পর ডিলারের দোকানে টিসিবি'র পণ্য সংরক্ষণ এবং সেখান থেকে সংশ্লিষ্ট ডিলার কর্তৃক টিসিবি'র কার্ডধারীদের নিকট কার্ড স্ক্যান/Point of Sale (POS) মেশিন ব্যবহার করে বিক্রি করতে হবে;

৯.০৭ টিসিবি'র ভর্তুকী হ্রাসকরণে কতিপয় নিত্য প্রয়োজনীয় ও দৈনন্দিন ব্যবহার্য পণ্যাদি (টয়লেট সাবান, ডিটারজেন্ট, লন্ড্রি সাবান, লবণ, চা, আটা ও মসলাসহ অন্যান্য ঐচ্ছিক পণ্য) সাশ্রয়ীমূল্যে বিক্রয় করতে হবে, তবে উক্ত পন্যাদি ক্রয়ে কার্ডধারীগণকে বাধ্য করা যাবে না। ডিলারের নিকট মজুদকৃত উক্ত ঐচ্ছিক পণ্য যে কোন ভোক্তা সাধারণের নিকট বিক্রয় করতে পারবেন;

৯.০৮ ডিলার দৈনিক পণ্য বিক্রির হিসাব সংরক্ষণ করবেন। মাস শেষে অবিক্রিত পণ্যাদি থাকলে তা পরবর্তী মাসের সাথে সমন্বয় করবেন;

৯.০৯ নিরাপত্তা ও স্বচ্ছতার স্বার্থে ডিলার কর্তৃক নিজস্ব দোকানে সিসি ক্যামেরা স্থাপন এবং জনস্বার্থে পণ্য বিক্রয়ের তথ্য টিসিবি'র কার্ডধারিদের অবগতকরণের নিমিত্ত মাইকিং করতে হবে;

৯.১০ ট্যাগ টিমসহ অন্যান্য মনিটরিং টিম কর্তৃক পরিদর্শনকালে ডিলার সকল প্রকার তথ্য দিয়ে সহযোগিতা করবেন;

৯.১১ উল্লেখিত শর্তাবলী বা নিয়মাবলীর ব্যতয় হলে ডিলারশীপ বাতিল করাসহ সংশ্লিষ্ট ডিলারের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১০.০০ গুদাম নির্বাচন ও গুদামে মালামাল সংরক্ষণ:**

১০.০১ টিসিবি'র নিজস্ব/ভাড়াকৃত গুদামে পণ্য মজুদ সক্ষমতা থাকা সাপেক্ষে টিসিবি'র আঞ্চলিক/ক্যাম্প অফিস প্রধান টিসিবি'র গুদামে মালামাল সংরক্ষণ করবেন। প্রয়োজন হলে জেলা প্রশাসক জেলা/উপজেলার গুদামে টিসিবি'র মালামাল সংরক্ষণ করবেন। যদি জেলা প্রশাসকের আওতাধীন গুদামে পণ্য প্রেরণ করা হয় তাহলে প্রাপ্যতা অনুযায়ী টিসিবি কর্তৃক পণ্যসামগ্রী পৌঁছে দিতে হবে;

১০.০২ প্রয়োজন সাপেক্ষে জেলা/উপজেলা গুদামে পণ্য প্রেরণ করা হলে তা পৌঁছানোর পর টিসিবি কর্তৃক সরবরাহকৃত পণ্যের Post Landing Inspection (PLI) সার্ভে সম্পন্ন করতে হবে;

**১১.০০ টিসিবি'র ডিলারদের টাকা জমাদানের জন্য হিসাব খোলা:**

১১.০১ ডিলারদের অনুকূলে পণ্য বরাদ্দ দেয়ার পর ডিলারদের টাকা জমাদানের জন্য টিসিবি কর্তৃক নির্ধারিত ব্যাংকে একটি হিসাব নম্বর খোলা হবে;

১১.০২ টিসিবি কর্তৃক সারাদেশের জন্য একটি নির্ধারিত হিসাব নম্বরে সকল জেলা প্রশাসকের কার্যালয়/টিসিবি কর্তৃক ডিলারদের অনুকূলে ইস্যুকৃত বরাদ্দপত্রের বিপরীতে পণ্যের টাকা জমা হবে এবং জেলা প্রশাসক/Authorized Officer/ Sub-Authorized Officer/টিসিবি'র কর্মকর্তাগণ কর্তৃক উক্ত হিসাব নম্বরে টাকা জমা হয়েছে কি না তা Application Programming Interface (API) এর মাধ্যমে নিশ্চিত হওয়ার ব্যবস্থা থাকতে হবে;

১১.০৩ টিসিবি কর্তৃক সারাদেশে পণ্য বিক্রয়ের টাকা জমাকরণের জন্য নির্ধারিত হিসাব নম্বর যথাসময়ে জেলা প্রশাসক ও ডিলারদের অবহিত করতে হবে;

**১২.০০ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দায়িত্ব:**

১২.০১ সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট পুলিশ কমিশনার টিসিবি'র পণ্য পরিবহন, গুদামজাতকরণ, সংরক্ষণ এবং টিসিবি'র সংশ্লিষ্ট ডিলারের দোকানে নির্দেশনা মোতাবেক প্রয়োজন সাপেক্ষে পর্যাপ্ত সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগপূর্বক নিরাপত্তা নিশ্চিত করবেন;

১২.০২ সিটি কর্পোরেশন ব্যতীত উপজেলা/পৌরসভা/ইউনিয়নে সংশ্লিষ্ট পুলিশ সুপার টিসিবি'র পণ্য পরিবহন, গুদামজাতকরণ, সংরক্ষণ এবং টিসিবি'র সংশ্লিষ্ট ডিলারের দোকানে জেলা প্রশাসকের নির্দেশনা মোতাবেক প্রয়োজন সাপেক্ষে পর্যাপ্ত সংখ্যক পুলিশ ফোর্স মোতায়নপূর্বক প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করবেন;

১২.০৩ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের চাহিদা অনুসারে টিসিবি'র অন্যান্য কার্যক্রমে পুলিশ কমিশনার/পুলিশ সুপার (প্রযোজ্য ক্ষেত্রে) প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করে সহায়তা করবেন;

১৩.০০ বাণিজ্য মন্ত্রণালয় হতে ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত পরিপত্র-০১ হতে পরিপত্র-০৬ (সংশোধিতসহ) বাতিল বলে গণ্য হবে, তবে সংক্রান্ত পরিপত্রের আলোকে গৃহীত কার্যক্রম বলবৎ থাকবে।

১৪.০০ জনস্বার্থে এই নির্দেশিকা সরকার কর্তৃক পরিবর্তনযোগ্য।

১৫.০০ এই নির্দেশিকার কোন বিষয়ে অসামঞ্জস্যতা দেখা দিলে উক্ত বিষয়ে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬.০০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এই নির্দেশিকা অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আতাউর রহমান খান এনডিসি
সচিব
বাণিজ্য মন্ত্রণালয়